



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৬/ ৪০৯৬

তারিখ: ২৪ /০৮/২০১৬খ্রি.

বিষয় : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার শিক্ষা), ইতিহাস এবং সমাজ বিজ্ঞান বিষয়ের পাঠদানের অনুমতিসহ স্বীকৃতি প্রদান

সূত্র : অত্র বোর্ডের কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্ত

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১০/০৮/২০১৬ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত শর্তে মিরখালী মহাবিদ্যালয়, মঠবাড়িয়া, পিরোজপুর-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি(কম্পিউটার শিক্ষা), ইতিহাস এবং সমাজ বিজ্ঞান বিষয়ের পাঠদানের অনুমতি ০১/০৭/২০০৪ থেকে ৩০/০৬/২০১২ পর্যন্ত এবং উক্ত বিষয় গুলোর স্বীকৃতি ০১/০৭/২০১২ থেকে ৩০/০৬/২০১৭ পর্যন্ত প্রদান করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০২। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষার পাসের হার বৃদ্ধি করতে হবে
- ০৩। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৪। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। জরুরি ভিত্তিতে বাৎসরিক ক্লাস রুটিন দাখিল করতে হবে
- ০৭। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৮। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ০৯। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ১০। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২৪.০৮.১০১৬
ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬
gmail : drliaquate@gmail.com

অধ্যক্ষ

মিরখালী মহাবিদ্যালয়
মঠবাড়িয়া, পিরোজপুর

অনুলিপি

- ২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ৫। সংরক্ষণ নথি